গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd.

স্মারক নং-৩৪.০১.০০০০.০৩৪.৩৮.১২১.১৭-৩৭২ তারিখঃ ২১/০৩/২০১৯ খ্রিঃ

# ভর্তি বিজ্ঞপ্তি

দেশের ১৮-৩৫ বছর বয়সী বেকার যুবক / যুবনারীদের কর্মসংস্থানের নিমিত্ত দক্ষতামূলক প্রশিক্ষণ ও আত্মকর্মী সৃজনের জন্য যুব উন্নয়ন অধিদপ্তর নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির লক্ষ্যে বেকার যুবক ও যুবনারীদের নিকট থেকে বর্ণিত নিয়মাবলী অনুসরণপূর্বক দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| নং | প্রশিক্ষণ কোর্স/ট্রেডের নাম | কোর্স ফি (টাকা) | শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | প্রশিক্ষণ ভাতা (টাকা) | সাক্ষাৎকারের তারিখ |
|---|---|---|---|---|---|
| ০১. | ''গবাদিপশু,হাঁস-মুরগী পালন, প্রাথমিক চিকিৎসা, মৎস্য চাষ ও কৃষি'' বিষয়ক প্রশিক্ষণ কোর্স (মেয়াদ-০৩ মাস, আবাসিক) (০১ এপ্রিল থেকে ৩০ জুন, ২০১৯ পর্যন্ত)।<br><br>০৭টি কেন্দ্রঃ- প্রতিকেন্দ্রে আসন সংখ্যা-১০০<br>জয়পুরহাট, নেত্রকোণা, নীলফামারী, চুয়াডাঙ্গা, লক্ষ্মীপুর, সাতক্ষীরা ও মেহেরপুর। | ১০০ | অষ্টম শ্রেণী পাশ | জন প্রতি ৩০০০/- প্রতি মাসে উপস্থিতির ভিত্তিতে। | ২৭ মার্চ, ২০১৯ স্ব-স্ব উপজেলা কার্যালয় |

**দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত তথ্যাদি ঃ**

ক) বর্ণিত ট্রেডে দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখ ২৫ মার্চ, ২০১৯ খ্রিঃ এবং প্রশিক্ষণ শুরু ০১ এপ্রিল, ২০১৯ খ্রিঃ।

খ) বর্ণিত কোর্সে/ট্রেডে ভর্তি হতে ইচ্ছুক বা আগ্রহী প্রার্থীর বয়স অবশ্যই ১৮ থেকে ৩৫ বৎসর এবং বেকার যুবক ও যুবনারী হতে হবে। তবে প্রকৃত মুক্তিযোদ্ধা পরিবারের পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

গ) যুব সংগঠন কর্তৃক মনোনীত এবং যুবনারী প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে।

ঘ) স্বহস্তে লিখিত দরখাস্ত (০১) নাম (বাংলা ও ইংরেজী) (০২) পিতার নাম (বাংলা ও ইংরেজী) (০৩) মাতার নাম (বাংলা ও ইংরেজী) (০৪) জন্ম তারিখ (০৫)বিজ্ঞপ্তি প্রদানের তারিখে বয়স (০৬) জাতীয়তা সনদপত্র (NID) নম্বর (যদি থাকে) অথবা জন্ম সনদপত্র, (০৭) বর্তমান ঠিকানা, (০৮) স্থায়ী ঠিকানা, (০৯) শিক্ষাগত যোগ্যতা (১০) ধর্ম (১১) জেন্ডার/লিঙ্গ, (১২) মোবাইল নম্বর (যদি থাকে) (১৩) বিকল্প যোগাযোগ নম্বর (১৪) ইতঃপূর্বে গৃহীত প্রশিক্ষণ (যদি থাকে) (১৫) যুব সংগঠনের সদস্য হলে সংগঠনের নাম এবং (১৬) ভবিষ্যত পরিকল্পনা/প্রশিক্ষণ গ্রহণের কারণ উল্লেখ করতে হবে।

ঙ) নির্ধারিত আবেদন ফরম যুব উন্নয়ন অধিদপ্তরের www.dyd.gov.bd.ওয়েব সাইটে পাওয়া যাবে অথবা স্ব-স্ব জেলার উপপরিচালক /ডেপুটি কো-অর্ডিনেটর এবং উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় থেকে বিনামূল্যে সংগ্রহ করা যাবে।

চ) দূরবর্তী স্থানে বসবাসরত বেকার যুবদের সুবিধার্থে প্রশিক্ষণ নির্বিশেষে আবেনপত্র ইউনিয়ন ডিজিটাল সেন্টার / উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় / যুব প্রশিক্ষণ কেন্দ্র / জেলা কার্যালয়ে দাখিল করতে পারবে।

ছ) আবেদনপত্রের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতা সনদপত্রের ছায়ালিপি (খ) জাতীয় পরিচয়পত্র (যদি থাকে) অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান / পৌর কমিশনার কর্তৃক জন্ম নিবন্ধন সনদপত্র, (গ) সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি জমা দিতে হবে। সাক্ষাৎকার ও মনোনয়ন কালে মূল সনদপত্র সমূহ সংগে আনতে হবে।

জ) সাক্ষাতের জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে নির্ধারিত সময়ে হাজির হতে হবে। এ জন্য কোন প্রকার টি.এ./ডি.এ. দেয়া হবে না।

ঝ) ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

পাতা/২

**প্রশিক্ষণের শর্তাবলীঃ**

(ক) বর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির সময় ভর্তি ফি ১০০/-(একশত) টাকা (অফেরতযোগ্য) এবং জামানত হিসেবে ১০০/-(একশত) টাকা (ফেরতযোগ্য) কেন্দ্রে জমা দিতে হবে, সমাপনী দিবসে জামানত ফেরত দেয়া হবে।

(খ) বর্ণিত প্রশিক্ষণ কোর্সটি আবাসিকভাবে পরিচালিত হবে বিধায় হোস্টেলে অবস্থানকারীদের কেন্দ্রের নিয়মানুসারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে। হোস্টেলে অবস্থান না করলে ভাতার টাকা প্রদান করা হবে না।

(গ) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের নিয়ম-শৃঙ্খলা মেনে চলতে হবে।

(ঘ) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে যথাসময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।

(ঙ) প্রশিক্ষণ শেষে আত্মকর্ম / কর্মসংস্থানে নিয়োজিত হতে হবে।

**প্রশিক্ষণ ও ভর্তির জন্য যোগাযোগঃ**

* উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, (নিজ জেলা)।
* ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর (নিজ জেলা)।
* উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর (নিজ উপজেলা)।

২১/০৬/১৭

(এস এম সেলিম রেজা)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
"অবশিষ্ট ১১টি জেলায় নতুন যুব প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন প্রকল্প"

স্মারক নং-৩৪.০১.০০০০.৩৫.৩৮.১২১.১৭-৬৯২ তারিখঃ ২১/০৬/১৭খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১। পরিচালক/প্রকল্প পরিচালক......................................................(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।

৩। মাননীয় উপমন্ত্রী মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাননীয় উপমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।

৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।

৫। যুগ্ম সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্ম সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।

৬। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, জয়পুরহাট, নেত্রকোণা, নীলফামারী, চুয়াডাঙ্গা, মেহেরপুর, লক্ষ্মীপুর ও সাতক্ষীরা জেলা। তাঁকে ভর্তির বিজ্ঞপ্তি মোতাবেক কোটা অনুযায়ী প্রশিক্ষণার্থী নির্বাচনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। ভর্তি বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসক, পুলিশ সুপার, জেলা মৎস্য, পশুসম্পদ, সমাজসেবা, মহিলা বিষয়ক মন্ত্রণালয়ের জেলা অফিস, উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়, উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা সমাজসেবা অফিস, সহকারী কমিশনার (ভূমি), উপজেলা মৎস্য, কৃষি, পশুসম্পদ কার্যালয়, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, ইউনিয়ন ভূমি অফিসে প্রেরণ এবং তালিকাভুক্ত যুব সংগঠনসহ সকল সরকারি ও বেসরকারি সংস্থার নোটিশ বোর্ডে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রয়োজনে স্থানীয়ভাবে সাক্ষাতের তারিখ নির্ধারণ করে বিজ্ঞপ্তি প্রচারের মাধ্যমে নির্ধারিত তারিখে অবশ্যই প্রশিক্ষণ শুরু করতে হবে।

৭। প্রোগ্রামার (আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। তাঁকে ভর্তি বিজ্ঞপ্তিটি যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো।

৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

৯। অফিস কপি।

২১/৬/১৭

(অশোক কুমার সাহা)
সহকারী প্রকল্প পরিচালক
"অবশিষ্ট ১১টি জেলায় নতুন যুব প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন প্রকল্প"
ফোনঃ ০২-৯৫৮৮৩৭৫।